

একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

শাখা - ১৭

www.moedu.gov.bd

৩৭.০০.০০০০.০৭৮.১১.০১১.১৪- ২৪৫

তারিখঃ ১৭ বৈশাখ ১৪২২
৩০ এপ্রিল ২০১৫

বিষয়ঃ পোর্ট সিটি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি -এর হিসাব নিরীক্ষার জন্য অডিটর নিয়োগ।

সূত্রঃ পত্র নং- PCIU/REG/1503/1101. Date: March 11, 2015.

প্রেরকঃ ফাতেমা জাহান
সিনিয়র সহকারী সচিব

প্রাপকঃ রেজিস্ট্রার
পোর্ট সিটি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি
১৩ এবং ১৪ নিকুঞ্জ হাউজিং সোসাইটি
দক্ষিণ খুলসি, চট্টগ্রাম।


জনাব,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ৪৫ ধারা অনুযায়ী পোর্ট সিটি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি'র ২০১৪-২০১৫ অর্থ বছরের হিসাব নিরীক্ষার জন্য নিম্নবর্ণিত কার্যপরিধি অনুযায়ী সাহা এন্ড কোং, চার্টার্ড এ্যাকাউন্ট্যান্টস, ৩৪ কলেজিয়েট স্কুল রোড, চট্টগ্রাম-৪০০০-কে অডিটর নিয়োগে সরকার এতদ্বারা অনুমোদন প্রদান করলেন।

২। বিশ্ববিদ্যালয়ের বার্ষিক নিরীক্ষা প্রতিবেদন প্রস্তুতকালে নিম্নলিখিত বিষয়াদি আবশ্যিকভাবে সম্পাদন করতঃ প্রচলিত অন্যান্য অডিট কার্যক্রম নিষ্পন্ন করে যথাসময়ে শিক্ষা মন্ত্রণালয় এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনে নিরীক্ষা প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

কার্যপরিধিঃ

- (১) বিশ্ববিদ্যালয়ের আয় ব্যয় সংক্রান্ত সকল কার্যাদি ব্যাংকের মাধ্যমে পরিচালিত হয় কি-না তা পরীক্ষা করা;
- (২) ব্যয়ের ভাউচারসমূহ যাচাই করে বর্ণিত ব্যয় যথাযথভাবে হয়েছে কিনা তা Investigate করা;
- (৩) সকল আয়-ব্যয়ের নির্দিষ্ট খাত হতে করা হয় কি-না, না হয়ে থাকলে কবে নাগাদ তা চালু করা হবে তা নির্ধারণ করা;
- (৪) বিবিধ ব্যয় দেখিয়ে ব্যয়ের খাত গোপন করা হয় কি-না তা পরীক্ষা করা;
- (৫) বিশ্ববিদ্যালয়ে আর্থিক লেনদেনের জন্য যথাযথভাবে লেজার সংরক্ষণ করা হয় কি-না, না হয়ে থাকলে কত দিনের মধ্যে বাস্তবায়ন করা হবে তা নির্দিষ্ট করা;
- (৬) শিক্ষার্থীদের কাছ থেকে ব্যাংকের মাধ্যমে অর্থ গ্রহণ না করে নগদে অর্থ গ্রহণ করা হলে গৃহীত অর্থ হিসাবের খাতায় লিপিবদ্ধ করে যথাসম্ভব দ্রুত ব্যাংকে জমা করা হয় কি-না, এবং ছীপানো রশিদ বইয়ের যথাযথ হিসাব সংরক্ষণ করা হয় কি-না তা নিশ্চিত করা;
- (৭) বিশ্ববিদ্যালয়ের স্থায়ী সম্পদ ভূমি, ইমারত, ব্যাংকের স্থায়ী আমানত, মূল্যবান যন্ত্রপাতি, যানবাহন বিশ্ববিদ্যালয়ের নামে ক্রয় ও রেজিস্ট্রেশন করা হয় কি-না, না হয়ে থাকলে কার নামে ক্রয় ও রেজিস্ট্রেশন করা হয়েছে তা বর্ণনা করা;
- (৮) ব্যাংকের হিসাব/হিসাবসমূহ কে কে পরিচালনা করেন তা বর্ণনা করা;
- (৯) বিশ্ববিদ্যালয়ের বিনিয়োগকৃত তহবিল হতে উৎসারিত আয় বিশ্ববিদ্যালয় তহবিলে জমা হয় কি-না;
- (১০) হিসাব বিবরণীতে অন্যান্য আয়-ব্যয় দেখানো হলে তার বিস্তারিত বিবরণ দেয়া;
- (১১) বিশ্ববিদ্যালয়ের Performance সম্পর্কে মন্তব্য করা, পূর্বের কোন মন্তব্য থাকলে তার বাস্তবায়ন হয়েছে কি-না তা দেখা;
- (১২) VAT, IT আর্থিক বিধি মার্কিন কর্তন করা হয়েছে কি-না তা নিশ্চিত করা;
- (১৩) স্থায়ী আমানত Reserve Fund এর বিপরীতে কোন ঋণ নেয়া হয়েছে কি-না, হয়ে থাকলে বিশ্ববিদ্যালয়ের নামে না কোন ব্যক্তি বিশেষের নামে নেয়া হয়েছে তা বের করা;


(ফাতেমা জাহান)

সিনিয়র সহকারী সচিব (বিঃসং ১)

ফোনঃ ৯৫৪৯১৭৬।


ই-মেইলঃ sas.univ1@moedu.gov.bd

৩৭.০০.০০০০.০৭৮.১১.০১১.১৪-

তারিখঃ ১৭ বৈশাখ ১৪২২
৩০ এপ্রিল ২০১৫

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
- ২। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।


(ফাতেমা জাহান)

সিনিয়র সহকারী সচিব (বিঃসং ১)